

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
নথি শাখাঃ প্রশিক্ষণ কেন্দ্র
মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), প্রশিক্ষণ কেন্দ্র

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.০০০.২২৯.০৮.০৬৬০.১৮ নথির বিষয়: ইলেক্ট্রনিক গভর্নমেন্ট প্রকিউরমেন্ট প্রশিক্ষণ সংক্রান্ত নথি
নোট: ৭ নোটের বিষয়: ০৩ (তিন) ব্যাচে “Electronic Government Procurement (e-GP)”-শীর্ষক প্রশিক্ষণ কোর্স আয়োজন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ৭.০ - তারিখ: ২৩/৭/২৬ ৪:২৬ অপরাহ্ন

ক্রয় আইন ২০০৬ এর ৬৫ নং ধারা অনুযায়ী ই-জিপি নীতিমালার ভিত্তিতে ইলেক্ট্রনিক গভর্নমেন্ট প্রকিউরমেন্ট (ই-জিপি) এর মাধ্যমে সকল ক্রয়কাজ বাস্তবায়নের লক্ষ্যে ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৬-২৭ অর্থবছরের অনুমোদিত প্রশিক্ষণ পরিকল্পনায় “Electronic Government Procurement (e-GP)”-শীর্ষক প্রশিক্ষণ কোর্সটি অন্তর্ভুক্ত রয়েছে। Procuring Entity (PE)/PE User-দের উপযোগী “Electronic Government Procurement (e-GP)”-শীর্ষক প্রশিক্ষণ কোর্স ০৩ (তিন) ব্যাচে যথাক্রমে আগামী ০৯-১৩ আগস্ট ২০২৬ (১ম ব্যাচ), ১৬-২০ আগস্ট ২০২৬ (২য় ব্যাচ) ০৬-১০ সেপ্টেম্বর ২০২৬ (৩য়) ব্যাচ অথবা সুবিধাজনক সময়ে (০৫) পূর্ণকার্যদিবসব্যাপী লালমাটিয়াস্থ ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য প্রতি ব্যাচে ২০ (বিশ) জন হিসেবে মোট ৬০ (ষাট) জন প্রশিক্ষণার্থীর তালিকা (সংযুক্তি-১-৩) এবং Bangladesh Public Procurement Authority (BPPA) কর্তৃক প্রণীত প্রশিক্ষণ কর্মসূচি (সংযুক্তি-৪) সদয় অবলোকনপূর্বক অনুমোদন করা যেতে পারে। উল্লেখ্য, প্রশিক্ষণ কোর্সটিতে ঢাকা ওয়াসায় e-GP কাজের সাথে সংশ্লিষ্ট এবং BPPA থেকে e-GP প্রশিক্ষণ পরিচালনায় অভিজ্ঞ কর্মকর্তাদের বক্তা হিসেবে আমন্ত্রণ জানানো হবে।

সংযুক্তিসমূহ (৪):

- ১। Participants Name list 9-13 Aug26. batch-1.pdf
- ২। Participants Name list 16-20 Aug26. batch-2.pdf
- ৩। Participants Name list 06-10 Sept26. batch-3.pdf
- ৪। 5 day training schedule on eGP Aug2026.pdf


অনুচ্ছেদ ৭.১ - তারিখ: ২৩/৭/২৬ ৪:২৭ অপরাহ্ন

৬০ (ষাট) জনের ০৫ (পাঁচ) পূর্ণকার্যদিবসব্যাপী ০৩ (তিন) ব্যাচে আয়োজিত e-GP-শীর্ষক প্রশিক্ষণ কোর্সটি সম্পাদনে নিম্নরূপ ব্যয় হবে যার প্রাক্কলন সদয় অনুমোদনের জন্য পেশ করা হ'লঃ

(ক) বক্তার সম্মানী	৩,২৪,০০০/-	(৬ সেশন ৩,৬০০/- টাকা হারে ৫ দিন) x ৩ ব্যাচ
(খ) প্রশিক্ষণার্থীদের ভাতা	২,৪০,০০০/-	(২০ জন ৮০০/- হারে ৫ দিন) x ৩ ব্যাচ
(গ) কোর্স সমন্বয়কের সম্মানী	২২,৫০০/-	(প্রতিদিন ১,৫০০/- টাকা হারে ৫ দিন) x ৩ ব্যাচ
(ঘ) সহায়ক স্টাফের সম্মানী	৩০,০০০/-	(২ জন প্রতিদিন ১,০০০/- টাকা হারে ৫ দিন) x ৩ ব্যাচ
(ঙ) দুপুরের খাবার ও ২ বেলা চা নাস্তা	২,৩৪,৯০০/-	(বক্তা সাপোর্টিং স্টাফসহ ২৭ জন ৫৮০/- টাকা হারে ৫ দিন) x ৩ ব্যাচ
(চ) পানি	১২,১৫০/-	(আধা লিটার ৬ কেস ১৩৫/- টাকা হারে ৫ দিন) x ৩ ব্যাচ
(ছ) পাটের অফিস ব্যাগ, নোটবুক, পেন্সিল, ইরেজার ও কলম	৬০,০০০/-	(২০ সেট ১,০০০/- টাকা হারে) x ৩ ব্যাচ
(জ) পিপিআর-২০২৫ (বই)	১৩,২০০/-	(২০ সেট ২২০/- টাকা হারে) x ৩ ব্যাচ
(ঝ) ফটোকপি ও বিবিধ	১৫,০০০/-	০৩ ব্যাচের জন্য আনুমানিক লামসাম
সর্বমোট	=৯,৫১,৭৫০/-	(কথায়ঃ টাকা নয় লক্ষ একান হাজার সাতশত পঞ্চাশ মাত্র)


অনুচ্ছেদ ৭.২ - তারিখ: ২৩/৭/২৬ ৪:২৭ অপরাহ্ন

এমতাবস্থায়, “Electronic Government Procurement (e-GP)”-শীর্ষক প্রশিক্ষণ কোর্সের ০৩ ব্যাচে অংশগ্রহণের জন্য প্রতি ব্যাচে ২০ (বিশ) জন হিসেবে মোট ৬০ (ষাট) জন প্রশিক্ষণার্থীর মনোনয়ন, প্রশিক্ষণ কর্মসূচি এবং প্রশিক্ষণ আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে প্রশিক্ষণ কেন্দ্রের “প্রশিক্ষণ ফি” খাতের বরাদ্দ হতে সর্বমোট =৯,৫১,৭৫০/- (টাকা নয় লক্ষ একান হাজার সাতশত পঞ্চাশ মাত্র) ব্যয়ের এবং ক্ষেত্রমতে প্রয়োজ্য ভ্যাট ঢাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশি হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। কোর্সে সমাপ্তির পর সমুদয় অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে। সদয় অনুমোদনের জন্য পেশ করা হ'ল।


			
২৩/৭/২৬ ৪:২৮ অপরাহ্ন মোঃ খায়রুল বাশার উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি দায়িত্ব) প্রশিক্ষণ কেন্দ্র	২৩/৭/২৬ ৪:৩০ অপরাহ্ন মোঃ ওয়াজ উদ্দীন প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব) প্রশিক্ষণ কেন্দ্র	২৩/৭/২৬ ৪:৫৭ অপরাহ্ন এ.কে.এ.এম. ফজলুল হক উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) উপ-ব্যবস্থাপনা পরিচালক (মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর	২৬/৭/২৬ ৮:৫৪ অপরাহ্ন মোঃ আমিনুল ইসলাম ব্যবস্থাপনা পরিচালক ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর



২৭/৭/২৬ ৯:১৩ পূর্বাহ্ন
এ.কে.এ.এম. ফজলুল হক
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) এর দপ্তর



২৭/৭/২৬ ১০:২৪ পূর্বাহ্ন
মোঃ ওয়াজ উদ্দীন
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (অতিরিক্ত
দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র



২৭/৭/২৬ ১০:২৮ পূর্বাহ্ন
মোঃ খায়রুল বাশার
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা (চলতি
দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র